The Business Standard
14 MAR 2026

# Hormuz shock exposes Bangladesh's fuel, export risks amid fresh global inflation fears

SATURDAY ANALYSIS

TITU DATTA GUPTA

Rising crude prices, disrupted shipping routes, weakening export demand are converging into a new global crisis – one that Bangladesh is ill-prepared to absorb

The Israel-US war on Iran and its cascading effects have pushed the world into uncertain territory. Attacks on oil facilities and the closure of the key sea route – the Strait of Hormuz – have nearly choked off vital fuel supplies to many countries. Unpredictable leadership in the warring nations has left governments across the region without a clear sense of when the devastating conflict might end.

At a White House briefing on Tuesday, a spokesperson said the original timeframe for the military campaign was four to six weeks, but key targets had been achieved sooner than expected, potentially bringing the war closer to an end. However, no exact timeframe was given. Iran, on the other hand, asserted that it would decide when the war stops – not Washington or Tel Aviv.

It has been 12 days since the war broke out with US-Israel strikes that killed Iran's supreme leader along with senior military commanders. The conflict has since escalated, with Iran initially targeting US bases before striking oil facilities in neighbouring Middle Eastern countries and closing the Strait of Hormuz. The US and Israel have intensified airstrikes on Iran's key civilian, military and oil infrastructure. Israel has also expanded its offensive into Lebanon, targeting pro-Iranian Hezbollah positions.

While the warring sides assess their strategic gains, the rest of the world is bracing for what may come if the Strait of Hormuz remains closed for a long period and oil output in key producing countries stays disrupted. How severe the consequences for the global economy will be depends on how long the war lasts.

### Oil shock stirs global inflation fears

Even before this latest war, the global economy was reeling from the Russia-Ukraine conflict, which disrupted supplies through the Black Sea and pushed oil prices above $100 a barrel four years ago. Then came US President Donald Trump's sweeping tariffs, which rattled US trade with allies and adversaries alike. Though intended to reduce the trade deficit and "Make America Great Again", the additional tariffs raised prices for American consumers on everything from coffee to apparel to cars. A court later ruled the tariff measures invalid, but Trump used alternative legal tools to impose an additional 15% flat tariff on most imports.

Now, the war on Iran has again put the resilience of the global economy to test. Alongside Brent crude – the global benchmark – US crude oil also surged past $100 per barrel, before easing to around $91.

A prolonged war would keep fuel prices elevated, disrupt essential sea

the current levels, most Asian economies could see inflation rise by at least half a percentage point.

### Bangladesh faces a critical test

Bangladesh's exporters are already alarmed by early signs of weakening demand from Western markets. Some buyers have reduced orders, while some others have postponed or cancelled previous orders.

Beyond higher input costs, a prolonged Middle East conflict could cause port congestion, shipping delays and costly rerouting of vessels. Middle Eastern airlines carry about 13% of global air cargo, critical for transporting high-value items such as microchips and electronics. Flight disruptions have already affected Bangladesh's exports of fresh produce to Middle Eastern markets. India has reported a decline in basmati rice exports to the region.

The energy shock presents a major test for Bangladesh's new government, which took office last month. The country's limited refining and storage capacity can meet demand for only four to five weeks, while Japan's national oil reserves can cover a year's consumption and India's inventories cover eight weeks of demand. There are calls in the US and Japan to get prepared to release oil from strategic reserves if an emergency arises. South Korea has capped oil prices and Vietnam removed tariffs on oil imports, while China asked refiners to stop oil exports and even cancel previous bookings.

Though left with limited choices, Bangladesh is exploring all possible ways to ramp up supplies. Apart from moving to the spot market, the government has secured additional supplies from India through the existing pipeline and approached China for energy. It also sought a temporary waiver from the US to purchase Russian oil, Finance Minister Amir Khosru Mahmud Chowdhury said on Wednesday, citing a similar 30-day exemption given to India last week.

Although fuel rationing has been enforced at filling stations, authorities have decided not to raise fuel prices. The state minister for energy said Bangladesh has the capacity to maintain normal energy and power supply until May.

put the resilience of the global economy to test. Alongside Brent crude – the global benchmark – US crude oil also surged past $100 per barrel, before easing to around $91.

A prolonged war would keep fuel prices elevated, disrupt essential sea routes, halt oil production in parts of the region, increase freight costs and transit times, and heighten risks to cargo vessels. The result would be renewed supply chain disruptions, higher inflation, slower economic growth and weaker consumption worldwide.

The International Monetary Fund had forecast a global growth of 3.3% this year. While it has not yet revised its projection, Deputy Managing Director Dan Katz warned that an escalating US-Israel war on Iran could be "very impactful" for global growth and inflation.

Gasoline prices climbed to an 11-month high in the US, hitting motorists and small businesses.

Goldman Sachs estimates that if current oil prices persist for several months, US inflation could rise to 3% by year-end, up from 2.4% in January. That would limit the Federal Reserve's scope to cut interest rates, dampening hopes among American homebuyers for cheaper mortgages.

For every sustained $10 increase in oil prices per barrel, average annual US household expenditure could rise by about $450, according to Mark Zandi, chief economist at Moody's Analytics.

The closure of the Strait of Hormuz sent European natural gas futures soaring by 50%. If the disruption continues, prices could double from prewar levels, making the coming winter especially difficult for Europe.

With gas supplies from Russia restricted due to sanctions, Europe now relies heavily on Middle Eastern energy shipped through Hormuz. Energy reserves have dwindled since the Russia-Ukraine war, and replenishing stocks for winter would be costly.

The European Union could see inflation rise by more than one percentage point in the coming months from 2% in January, while economic growth could fall by half a percentage point, analysts warn. European motorists are already paying more at filling stations, with gasoline and diesel prices posting double-digit increases in Germany and rising sharply in the UK.

### Asia's deep energy exposure

For Asia, the shock is even more intense. More than 80% of the region's crude oil and gas imports pass through the Strait of Hormuz. A prolonged closure would deepen economic stress across the continent.

For China, the world's second-largest economy, the war coincides with a downward revision of its growth forecast. China is a major buyer of Iranian oil and gas, and those supplies could be disrupted further if Iran mines the strait in response to the US announcement of naval escorts.

Although China and India may secure additional supplies from Russia, other countries – including Japan – could struggle to ensure stable energy flows. Capital Economics estimates that if crude prices remain at

Although fuel rationing has been enforced at filling stations, authorities have decided not to raise fuel prices. The state minister for energy said Bangladesh has the capacity to maintain normal energy and power supply until May.

The government has booked LNG cargoes from the UK and South Korea for April delivery at prices more than double the previous spot rates but has chosen not to pass the additional costs on to consumers.

While users are shielded from direct price hikes, the fiscal burden will increase as subsidy costs rise. State-owned oil and gas agencies have already sought additional finance as subsidy.

Under IMF loan conditions, Bangladesh is expected to phase out energy subsidies and allow fuel prices to reflect market rates. In neighbouring India, oil prices are adjusted to global market prices.

Transport costs have already gone up significantly. Transport operators report receiving less diesel than required for long-haul trips due to rationing, forcing them to reduce frequency and increasing operational costs.

Industry analysts argue that Bangladesh remains underprepared for external energy shocks. Disruptions – whether in the Red Sea by the Houthis, the Black Sea at the beginning of the Russia-Ukraine war, or now the Strait of Hormuz – have exposed vulnerabilities in global trade routes.

Muhammed Aziz Khan, chairman of Summit Group, said the Russia-Ukraine war exposed the fragility of global energy supply chains, yet Bangladesh made limited progress in diversifying sources, securing long-term contracts or expanding infrastructure. Extreme reliance on the Strait of Hormuz remains a key strategic risk, he warned, adding that LNG could also be sourced from the US, Africa and other emerging exporters.

Under a trade deal signed with the US in February, Bangladesh is set to purchase American LNG for 15 years beginning in 2028.

Aziz Khan described the cancellation of a floated LNG terminal project by the immediate-past interim government as a "strategic opportunity lost for Bangladesh", arguing that the project could have diversified long-term LNG supply sources beyond the Gulf and reduced dependence on the Hormuz route – thus making a step forward towards the country's energy security.

"The crisis has exposed our near-total reliance on the Chattogram-Suez route as a dangerous single point of failure," said corporate leader Sabbir Ahmad.

With domestic gas production critically low, experts argue Bangladesh must gradually reduce dependence on Middle Eastern LNG and pivot towards more diversified supply corridors, including Indonesia and Malaysia.

Bangladesh failed to take decisive steps to explore more natural gas domestically and accelerate its transition to renewable energy, leaving the country heavily dependent on energy imports. As a result, it remains structurally exposed to global oil supply shocks.

সমকাল

14 MAR 2026

# বাংলাদেশসহ ৬০ দেশ নিয়ে তদন্তে যুক্তরাষ্ট্র

সমকাল প্রতিবেদক

কারখানায় পণ্য উৎপাদনে জোরপূর্বক শ্রমের ব্যবহার বন্ধে বাংলাদেশসহ ৬০ দেশ যথেষ্ট পদক্ষেপ নিয়েছে কিনা, তা খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে যুক্তরাষ্ট্র। গত বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তরের (ইউএসটিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

এর আগে বুধবার উৎপাদন খাতে অতিরিক্ত সক্ষমতা ও অতিরিক্ত উৎপাদন করা হচ্ছে কিনা, তা খতিয়ে দেখতে বাংলাদেশসহ বিশ্বের ১৬টি দেশ নিয়ে তদন্তের কথা জানিয়েছে যুক্তরাষ্ট্র।

ইউএসটিআরের বিজ্ঞপ্তিতে বলা হয়, যুক্তরাষ্ট্রের ১৯৭৪ সালের বাণিজ্য আইনের ৩০১(বি) ধারা অনুযায়ী নতুন এ তদন্ত করা হবে। পণ্য উৎপাদনে জোরপূর্বক শ্রমের ব্যবহার থাকলে সেই পণ্য আমদানি নিষিদ্ধ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশগুলোর আইন, নীতি ও বাস্তব প্রয়োগ কতটা যুক্তিযুক্ত বা বৈষম্যমূলক তা খতিয়ে দেখা হবে। এ ছাড়া এসব নীতি বা অনুশীলন যুক্তরাষ্ট্রের বাণিজ্যের ওপর কোনো ধরনের বোঝা বা প্রতিবন্ধকতা সৃষ্টি করছে কিনা যাচাই করা হবে।

যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ার বলেন, জোরপূর্বক শ্রমের বিরুদ্ধে আন্তর্জাতিক ঐকমত্য রয়েছে। তা সত্ত্বেও বিভিন্ন দেশ তাদের বাজারে জোরপূর্বক শ্রমের মাধ্যমে উৎপাদিত পণ্যের প্রবেশ নিষিদ্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সেগুলো কার্যকরভাবে প্রয়োগ করতে ব্যর্থ হয়েছে।

## জোরপূর্বক শ্রম

তিনি বলেন, বিভিন্ন দেশের সরকার জোরপূর্বক শ্রমে তৈরি পণ্য আমদানি নিষিদ্ধ করতে যথেষ্ট পদক্ষেপ নিয়েছে কিনা এবং এসব অনৈতিক চর্চা মার্কিন শ্রমিক ও ব্যবসার ওপর কতটা প্রভাব ফেলছে তা এই তদন্তের মাধ্যমে যাচাই করা হবে।

তদন্তের আওতায় থাকা দেশগুলো হচ্ছে– বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা, ভিয়েতনাম, আলজেরিয়া, অ্যাঙ্গোলা, আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, বাহামা, বাহরাইন, ব্রাজিল, কম্বোডিয়া, কানাডা, চিলি, চীন, কলম্বিয়া, কোস্টারিকা, ডমিনিকান প্রজাতন্ত্র, ইকুয়েডর, মিসর, এল সালভাদর, গুয়াতেমালা, গায়ানা, হন্ডুরাস, হংকং, ইন্দোনেশিয়া, ইরাক, ইসরায়েল, জাপান, জর্ডান, কাজাখস্তান, কুয়েত, লিবিয়া, মালয়েশিয়া, মেক্সিকো, মরক্কো, নিউজিল্যান্ড, নিকারাগুয়া, নাইজেরিয়া, নরওয়ে, ওমান, পেরু, ফিলিপাইন, কাতার, রাশিয়া, সৌদি আরব, সিঙ্গাপুর, দক্ষিণ আফ্রিকা, দক্ষিণ কোরিয়া, সুইজারল্যান্ড, তাইওয়ান, থাইল্যান্ড, ত্রিনিদাদ ও টোবাগো, তুরস্ক, সংযুক্ত আরব আমিরাত, যুক্তরাজ্য, উরুগুয়ে, ভেনেজুয়েলা। এ ছাড়া ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোর বিষয়েও এই তদন্ত হবে।

ঢাকা।

প্রথম আলো
14 MAR 2026

# যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যচুক্তি সার্বভৌমত্বের জন্য হুমকি

**সেমিনার**

মূল প্রবন্ধে বলা হয়, চুক্তির ফলে বাধ্যতামূলকভাবে যুক্তরাষ্ট্র থেকে অধিক মূল্যে গম, উড়োজাহাজ ও এলএনজি কিনতে হবে।

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্যচুক্তির ফলে দেশের অর্থনৈতিক সার্বভৌমত্ব, দেশীয় শিল্প এবং কৌশলগত স্বায়ত্তশাসনের ক্ষেত্রে বড় ধরনের ঝুঁকির শঙ্কা রয়েছে। এই চুক্তির ফলে বাংলাদেশকে বাধ্যতামূলকভাবে যুক্তরাষ্ট্রের কাছ থেকে অধিক মূল্যে গম, উড়োজাহাজ ও এলএনজি কিনতে হবে। যা কাতার, ভারত বা ইউক্রেনের মতো উৎস থেকে আরও সাশ্রয়ী মূল্যে কেনা সম্ভব ছিল। অন্তর্বর্তী সরকারের সময়ে জাতীয় নির্বাচনের তিন দিন আগে স্বাক্ষরিত এই চুক্তি বাংলাদেশের ভবিষ্যৎ উন্নয়নের ক্ষেত্রে বড় বাধা সৃষ্টি করবে।

'যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যচুক্তি কেন বাংলাদেশের জন্য বিপজ্জনক' শীর্ষক সেমিনারে উপস্থাপিত মূল প্রবন্ধে এসব বিষয় উঠে এসেছে। প্রবন্ধ উপস্থাপন করেন ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজির (আইইউবিএটি) অর্থনীতি বিভাগের অধ্যাপক গোলাম রসুল। গতকাল শুক্রবার সকাল সাড়ে ১০টায় রাজধানীর বিজয়নগরে ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) মিলনায়তনে এ সেমিনারের আয়োজন করে গণতান্ত্রিক অধিকার কমিটি।

সেমিনারে অধ্যাপক গোলাম রসুল বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্যচুক্তির ফলে 'অসম বিনিময়' ও 'রাজস্ব ক্ষতির' দিক তুলে ধরেন। তিনি বলেন, চুক্তি অনুযায়ী, বাংলাদেশের বাজারে যুক্তরাষ্ট্র সাড়ে ৪ হাজারের বেশি পণ্যে শুল্কমুক্ত সুবিধা পাবে। ফলে বাংলাদেশ প্রায় ১ হাজার ৩২৭ কোটি টাকা কাস্টমস রাজস্ব হারাবে। বিপরীতে যুক্তরাষ্ট্র বাংলাদেশি পণ্যের ওপর ১৯ শতাংশ পর্যন্ত উচ্চ শুল্ক বজায় রাখবে। বাংলাদেশের তৈরি পোশাকের ক্ষেত্রে কেবল যুক্তরাষ্ট্রের তুলা ব্যবহার করলেই সীমিত আকারে শুল্কমুক্ত সুবিধা পাওয়া যাবে, যা উৎপাদন খরচ বাড়িয়ে দেবে। কারণ, যুক্তরাষ্ট্রের তুলার দাম আঞ্চলিক বাজারের চেয়ে অনেক বেশি।

২১ দশমিক ৫ বিলিয়ন ডলারের কেনাকাটার বাধ্যবাধকতা চুক্তির অন্যতম বিতর্কিত দিক বলে উঠে আসে প্রবন্ধে। এটি দেশের জিডিপির ৪-৫ শতাংশ। ৩ বিলিয়ন ডলারের বোয়িং বিমান, ১৫ বিলিয়ন ডলারের এলএনজি এবং ১ দশমিক ৭৫ বিলিয়ন ডলারের গম যুক্তরাষ্ট্র থেকে কিনতে হবে বাংলাদেশকে। তুলনামূলক বিশ্লেষণ তুলে ধরে অর্থনীতির এই শিক্ষক বলেন, এই পণ্যগুলো কাতার, ভারত বা ইউক্রেনের মতো উৎস থেকে আরও সাশ্রয়ী মূল্যে কেনা সম্ভব ছিল। কিন্তু চুক্তির কারণে বাংলাদেশ উচ্চমূল্যে এগুলো কিনতে বাধ্য হবে। এ ছাড়া দেশের কৃষি ও ওষুধ খাতও মারাত্মক ঝুঁকির মুখে পড়তে পারে বলে উপস্থাপনায় উল্লেখ করা হয়।

গোলাম রসুল বলেন, নীতিগত স্বাধীনতা ও আইনি সুরক্ষার অভাবে এই চুক্তির আওতায় বাংলাদেশ বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) কোনো সালিসি ব্যবস্থা গ্রহণের সুযোগ পাবে না। যেকোনো বিরোধের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের ব্যাখ্যা ও সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তড়িঘড়ি না করে চুক্তির অর্থনৈতিক ও কৌশলগত প্রভাব গভীরভাবে মূল্যায়নের পরামর্শ দিয়েছেন তিনি।



সেমিনারে বক্তব্য দিচ্ছেন অধ্যাপক আনু মুহাম্মদ। পাশে অধ্যাপক গোলাম রসুল। গতকাল রাজধানীর ইআরএফ মিলনায়তনে। ছবি : প্রথম আলো

**"অবশ্যই এই চুক্তি পুনর্বিবেচনা করতে হবে। চুক্তির সঙ্গে যুক্তদের বিচারের আওতায় আনতে হবে।"**

**আনু মুহাম্মদ**, সদস্য, গণতান্ত্রিক অধিকার কমিটি

### চুক্তি পুনর্বিবেচনা করতে হবে

সেমিনারে সভাপ্রধানের বক্তব্য দেন গণতান্ত্রিক অধিকার কমিটির সদস্য অর্থনীতিবিদ অধ্যাপক আনু মুহাম্মদ। তিনি বলেন, সংসদে প্রতিনিধিত্বকারী দলগুলোকে স্পষ্ট করতে হবে, তারা এই চুক্তির সঙ্গে ছিল না। তারা দেশের সার্বভৌমত্বের পক্ষে হলে অবশ্যই এই চুক্তি পুনর্বিবেচনা করতে হবে। চুক্তির সঙ্গে যুক্তদের বিচারের আওতায় আনতে হবে।

আনু মুহাম্মদ বলেন, চুক্তির ফলে দেশের কৃষি ও গ্রামীণ অর্থনীতি বিশেষ করে পোলট্রি, মৎস্য, দুগ্ধসহ বিভিন্ন খাতে বর্তমানে যে কর্মসংস্থান তৈরি হয়েছে, তা ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। জাতীয় স্বার্থ, অর্থনৈতিক বাস্তবতা এবং সংশ্লিষ্ট সব খাতের মতামত বিবেচনায় নিতে চুক্তির বিষয়ে সংসদে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার আহ্বান জানান তিনি।

### রাষ্ট্রের সার্বভৌমত্বের জন্য হুমকি

বাংলাদেশের স্থানীয় শিল্পসহ কৃষকদের স্বার্থ রক্ষার বিষয়টি বিবেচনায় নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বাণিজ্যচুক্তির শর্তগুলো গভীরভাবে পর্যালোচনা করা দরকার বলে মনে করেন উন্নয়ন অর্থনীতিবিষয়ক গবেষক মাহা মির্জা। সেমিনারে দেওয়া বক্তব্যে তিনি শঙ্কা প্রকাশ করে বলেছেন, এই চুক্তির ফলে দেশের ডেইরি, পোলট্রি ও প্রাণিসম্পদ খাত দীর্ঘ মেয়াদে বড় চাপের মুখে পড়তে পারে।

সেমিনারে সুপ্রিম কোর্টের আইনজীবী জ্যোতির্ময় বড়ুয়া বলেন, অন্তর্বর্তী সরকার এখতিয়ারবহির্ভূতভাবে এই বাণিজ্যচুক্তি করেছে। চুক্তি কার্যকর হওয়ার আগেই বর্তমান সরকার অন্য দেশের সঙ্গে চুক্তি করার আগে নতজানু হয়ে যুক্তরাষ্ট্রের অনুমতি চাইছে, এটা রাষ্ট্রের সার্বভৌমত্বের জন্য হুমকি। সংসদে এই জনস্বার্থবিরোধী চুক্তি পুনর্বিবেচনা করা জরুরি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমসের সহযোগী অধ্যাপক মোশাহিদা সুলতানা বলেন, সারা বিশ্বে চলমান যুদ্ধ উন্মাদনারই অংশ বাণিজ্যযুদ্ধ, শুল্কযুদ্ধ। ট্রাম্পসহ যুদ্ধোন্মাদনায় উন্মত্ত নেতাদের তৈরি নীতি, চুক্তির ফলে বাংলাদেশসহ সারা বিশ্বের অসংখ্য মানুষের দৈনন্দিন জীবনে ভোগান্তি তৈরি হচ্ছে।

প্রথম আলো

14 MAR 2026

# যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যচুক্তি সংসদে পর্যালোচনার দাবি

## এনপিএর অবস্থান কর্মসূচি

**নিজস্ব প্রতিবেদক,** *ঢাকা*

যুক্তরাষ্ট্রের সঙ্গে অন্তর্বর্তী সরকারের করা বাণিজ্যচুক্তি জাতীয় সংসদে পর্যালোচনার মাধ্যমে এর ক্ষতিকর ধারাগুলোর বাস্তবায়ন স্থগিত রাখাসহ চারটি দাবি জানিয়েছে রাজনৈতিক প্ল্যাটফর্ম নেটওয়ার্ক ফর পিপলস অ্যাকশন (এনপিএ)। এ চুক্তি করার ক্ষেত্রে গোপনীয়তার আশ্রয় কেন নেওয়া হয়েছে, সে প্রশ্নও তুলেছে তারা।

'দেশবিরোধী মার্কিন চুক্তি স্থগিতের দাবিতে' গতকাল শুক্রবার বিকেলে রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউয়ে সংসদ ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করে এনপিএ। এ কর্মসূচি থেকে জাতীয় স্বার্থ, সার্বভৌমত্ব ও দেশীয় শিল্প রক্ষার আহ্বান জানানো হয়।

অবস্থান কর্মসূচিতে লিখিত বক্তব্য পড়ে শোনান এনপিএর কেন্দ্রীয় কাউন্সিল সদস্য অনিক রায়। লিখিত বক্তব্যে বলা হয়, জাতীয় নির্বাচনের প্রস্তুতির মধ্যে জনগণের সঙ্গে আলোচনা না করে প্রায় গোপনীয়তার আবরণে যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি অসম বাণিজ্যচুক্তি স্বাক্ষর করেছে গত অন্তর্বর্তী সরকার। এ চুক্তি শ্রমিক, কৃষক ও সাধারণ মানুষের জীবন এবং বাংলাদেশের সার্বভৌম নীতিনির্ধারণ ক্ষমতাকে বিপন্ন করছে। এর মাধ্যমে জ্বালানি, কৃষিসহ সম্ভাবনাময় বিভিন্ন শিল্পকে হুমকির মুখে ঠেলে দেওয়া হয়েছে।

কোনো বৃহৎ শক্তির ভূরাজনৈতিক প্রতিযোগিতার বলি হওয়া বাংলাদেশের পথ হতে পারে না উল্লেখ করে লিখিত বক্তব্যে বলা হয়, ভয়ের মধ্যে স্বাক্ষরিত চুক্তি কখনো সমান হয় না। এখন জাতীয় সংসদকে প্রমাণ করতে হবে যে তারা প্রকৃত অর্থেই বাংলাদেশের মানুষের স্বার্থ ও সার্বভৌমত্ব রক্ষার জন্য প্রতিজ্ঞাবদ্ধ। সংসদে পর্যালোচনার আগে এ চুক্তি যেন স্থগিত থাকে।

অবস্থান কর্মসূচিতে এনপিএর মুখপাত্র নাজিফা জান্নাত বলেন, রাজনৈতিক দলগুলো প্রায়ই বলে, দালালি না আজাদি। কিন্তু যুক্তরাষ্ট্রের সঙ্গে অসম চুক্তি নিয়ে তারা কথা বলছে না। সার্বভৌমত্ব কি শুধু ভারতের ক্ষেত্রেই প্রযোজ্য? সব দেশের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক হতে হবে সমমর্যাদার।

যুক্তরাষ্ট্রের তাঁবেদারি করার ক্ষেত্রে মূল ধারার রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য দেখা যায় বলে মন্তব্য করেন এনপিএর কাউন্সিল সদস্য মেঘমল্লার বসু।

জুলাই গণ-অভ্যুত্থানে অংশ নেওয়া বাম ও মধ্যপন্থী তরুণদের উদ্যোগে গঠিত এনপিএর এই অবস্থান কর্মসূচিতে অংশ নেওয়া প্রায় সবার হাতে ছিল প্ল্যাকার্ড। এসব প্ল্যাকার্ডে 'কার সাথে ব্যবসা, বলে দেবে আমেরিকা!', 'বাজার বাংলাদেশের, সিদ্ধান্ত আমেরিকার!', 'বাণিজ্যের নামে কর্তৃত্ব ফলানোর চুক্তি', 'দিল্লি না ওয়াশিংটন, ঢাকা ঢাকা', 'বাণিজ্যে মার্কিন হস্তক্ষেপ চাই না', 'অসম চুক্তিকে না বলুন'—এ রকম লেখা ছিল।

অবস্থান কর্মসূচির সঞ্চালক ছিলেন এনপিএর কাউন্সিল সদস্য শামীম আরা নিপা।

আরও বক্তব্য দেন এনপিএ কাউন্সিলের সদস্য কৌশিক আহমেদ। উপস্থিত ছিলেন এনপিএর সদস্য বাকী বিল্লাহ, অলিক মৃ, ইমতিয়াজ নাদভী, রাফসান আহমেদ, মাঈন আহমেদ, নূমান আহমাদ চৌধুরী প্রমুখ।